

**উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি	:	হামিদা তাহের
		মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার।
সভার তারিখ ও সময়	:	১৫/০৪/২০২২ খ্রিঃ খ্রিঃ, সময়ঃ সকাল- ১১:০০ টা
সভার স্থান	:	উপজেলা পরিষদ সম্মেল কক্ষ, সদর, কক্সবাজার।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে নিজ পরিচয় উপস্থাপন করেন। সভাপতি বলেন, জনগনের সেবা এবং উপজেলার উন্নয়নের জন্য তিনি সর্বাত্মক চেষ্টা করে যাবেন। তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এজেভা অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন। অতঃপর নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর: সভাপতি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক উন্নয়ন চিত্র/ সমস্যা উত্থাপন করতে সংশ্লিষ্টকে অনুরোধ জানান।

১) পোকখালী ইউনিয়নের চেয়ারম্যান, জনাব রফিক আহমদ বলেন, উপজেলা পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন সাব-সেন্টার, কমিউনিটি ক্লিনিক ইত্যাদি তথা উপজেলার কেন্দ্রে অবস্থিত হাসপাতাল, বহিঃবিভাগ, আন্তঃবিভাগ, জরুরি বিভাগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

২) ভারুয়াখালী ইউনিয়নের চেয়ারম্যান, জনাব শফিকুর রহমান সিকদার বলেন, দরিদ্র-সুবিধাবঞ্চিত জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা পরিষদকে সুপারিশ করা।

৩) ইসলামাবাদ ইউনিয়নের চেয়ারম্যান, জনাব নুরছিদ্দিক মা ও শিশু স্বাস্থ্য এবং দরিদ্র-সুবিধাবঞ্চিত জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। এছাড়াও ইসলামাবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সার্বক্ষণিক প্রসূতি সেবা (নরমাল ডেলিভারী) চালু হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নমতে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১। শিশু স্বাস্থ্য এবং দরিদ্র-সুবিধাবঞ্চিত জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা পরিষদকে সুপারিশ করা।

২। ইউনিয়ন পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন সাব-সেন্টার, কমিউনিটি ক্লিনিক ইত্যাদি তথা উপজেলার কেন্দ্রে অবস্থিত হাসপাতাল, বহিঃবিভাগ, আন্তঃ বিভাগ, জরুরি বিভাগে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে অবলোকন, পর্যবেক্ষণ এবং এ সংক্রান্ত সুপারিশমালা উপজেলা পরিষদে প্রেরণ করা।

*Hamida*  
(হামিদা তাহের) 15.4.22

মহিলা ভাইস চেয়ারম্যান  
সদর, কক্সবাজার।

স্মারক নম্বর- ০৪৬.২০.২২০০.২২২৪.০৬.০২. ২০২২ঃ -

তারিখঃ ১৫/০৪/২০২২ খ্রিঃ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-

- ০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০২। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর কক্সবাজার।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার।
- ০৬। অফিস কপি





(স্বঃ)

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা  
সদর, কক্সবাজার।

## উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সভার হাজিরা

সদর, কক্সবাজার।

তারিখ: ১৫/০৪/২০২২

ক্রমিক	নাম	ঠিকানা	পদবী	স্বাক্ষর
১	ডা. মোঃ আলী এহসান	উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, সদর, কক্সবাজার	সদস্য সচিব	
২	রমিজ উদ্দিন	উপজেলা সমবায় কর্মকর্তা, সদর, কক্সবাজার	সদস্য	
৩	টিপু সুলতান	চেয়ারম্যান, ঝিলংজা ইউনিয়ন সদর, কক্সবাজার	সদস্য	
৪	মজিবুর রহমান	চেয়ারম্যান, চৌফলদভী ইউনিয়ন পরিষদ, সদর, কক্সবাজার	সদস্য	
৫	হামিদা তাহের	উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সদর, কক্সবাজার	সভাপতি	